৭৭

ভোরের কাগজ

তারিখ AUG. 13 1999

পৃষ্ঠা ২ কলাম ৬

# সাদত কলেজে শান্তিপূর্ণ পরীক্ষা হয়েছে

টাঙ্গাইল প্রতিনিধি : সাদত বিশ্ববিদ্যালয় কলেজের পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসছে। গতকাল বৃহস্পতিবার, কলেজে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। পুলিশের গুলিতে নিহত বেলাল হোসেন স্মরণে সর্বদলীয় ছাত্রঐক্য ও ছাত্রলীগ পৃথক পৃথক সমাবেশের আয়োজন করে।

গতকাল সমাজকল্যাণ, সমাজবিজ্ঞান ও হিসাববিজ্ঞানের সাড়ে ৬০০ ছাত্রছাত্রী পরীক্ষা দিয়েছে। ক্যাম্পাসে কোনো বহিরাগত ছিল না। তবে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। শিক্ষকরা কলেজের বাসে পুলিশি প্রহরায় ক্যাম্পাসে যায়।